

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
উন্মুক্ত জলাশয়ে বিল নার্সারি স্থাপন এবং পোনা অবমুক্তকরণ প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।


নং: ৩৩.০২.০০০০.৯২৯.০১.০২২.১৪-৪৮৬

তারিখ: ২৬/১১/২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: সুফলভোগি দলের মাধ্যমে নিজস্ব উদ্যোগে বিল নার্সারি কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য অধিদপ্তরধীন উন্মুক্ত জলাশয়ে বিল নার্সারি স্থাপন এবং পোনা অবমুক্তকরণ প্রকল্পের মাধ্যমে ২০১৪-১৫ সাল থেকে ২০১৬-১৭ সাল পর্যন্ত সর্বমোট ১৯৮৯ হেক্টর জলাশয়ে ১৯৮৮.৮০ লক্ষ টাকা ব্যয়ে ১৯৯০ টি বিল নার্সারি স্থাপন করা হয়েছে। উন্মুক্ত জলাশয়ে পোনা অবমুক্তকরণের লক্ষ্যে স্বল্প ব্যয়ে অধিক সংখ্যক উন্নতমানের পোনা উৎপাদনের জন্য অত্র প্রকল্পের বিল নার্সারি কার্যক্রমটি কার্যকর ভূমিকা রেখেছে। উল্লেখ্য যে, অত্র প্রকল্পের মেয়াদ ডিসেম্বর, ২০১৭ সালে সমাপ্ত হবে এবং অত্র প্রকল্পের মাধ্যমে বিল নার্সারি কার্যক্রমে আর কোন বরাদ্দ দেয়া হবে না।

এমতাবস্থায় বিল নার্সারি স্থাপন কার্যক্রমটি অধিকতর টেকসই করার লক্ষ্যে আপনার অধীনস্থ উপজেলাগুলোতে যে সমস্ত বিলে প্রকল্পের মাধ্যমে ইতোপূর্বে বিল নার্সারি স্থাপন করা হয়েছে সেইসব বিলে বিদ্যমান সুফলভোগি দলের নিজস্ব উদ্যোগে বিল নার্সারি কার্যক্রম চলমান রাখার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করে বিল নার্সারি কার্যক্রমকে চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।


(মো: মিজানুর রহমান)
প্রকল্প পরিচালক
ফোন : ০২-৯৫৮৬৬৬৯
ফ্যাক্স : ০২-৯৫৮৬৬৬৮
ইমেইলঃ- mrbe47@gmail.com

১। উপপরিচালক (সকল)

মৎস্য অধিদপ্তর

..... বিভাগ

.....।

২। জেলা মৎস্য কর্মকর্তা (সকল)

.....।

৩। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)


.....।

নং: ৩৩.০২.০০০০.৯২৯.০১.০২২.১৪-৪৮৬/১(৫০০)

তারিখ: ২৬/১১/২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২. অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য পরিকল্পনা ও জরিপ, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৪. উপ-পরিচালক (প্রশাসন)/(অর্থ ও পরিকল্পনা)/(ফিল্ড সার্ভিস)/(মৎস্যচাষ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৫. সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা। মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬. সংশ্লিষ্ট নথি।


(মোঃ মিজানুর রহমান)
প্রকল্প পরিচালক